গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
www.dss.kasba.brahmanbaria.gov.bd

নম্বরঃ ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.১৪৯ তারিখঃ ২৯ জুলাই ২০২৬ খ্রিঃ।

## অনলাইনে আবেদন গ্রহণ বিজ্ঞপ্তি

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থ বছরের বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতাসহ অনগ্রসর জনগোষ্ঠীর জন্য বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি অনলাইনে আবেদন গ্রহণ।

সূত্র- ০১) ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬ তারিখ- ৩০/০৬/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থ বছরের বর্ধিত কোটায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীর জন্য বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি বাস্তবায়নের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। অনলাইনে আবেদন লিংক dss.bhata.gov.bd/online-application । এই লিংকে আগামী ১ আগস্ট ২০২৬ খ্রি. হতে ৩১ আগস্ট ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

আবেদন গ্রহণ সংক্রান্ত নির্দেশাবলী

১। আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করবেন;
২। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে;
৩। আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল হিসাব নম্বর প্রদান করতে হবে।
৪। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে এ সুবিধার জন্য বিবেচিত হবেন না;
৫। পূর্বে অনলাইনে আবেদন করে থাকলে পুনরায় আবেদন করার প্রয়োজন নাই;

এমতাবস্থায়, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীর জন্য বিশেষ ভাতা ও শিক্ষা উপবৃত্তি বিষয়ে আগ্রহীদের নির্ধারিত সময়ে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হল।

২৯/০৭/২০২৬

মোঃ ছামিউল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
এবং সভাপতি
উপজেলা বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা,
প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন কমিটি,
কসবা,ব্রাহ্মণবাড়িয়া।

নম্বরঃ ৪১.০১.১২৬৩.০০০.১৬.০০৬.২২.১৪৯ তারিখঃ ২৯ জুলাই ২০২৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে/ জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৪৬, ব্রাহ্মণবাড়িয়া-০৪, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ।
০৪। প্রশাসক, কসবা পৌরসভা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। উপজেলা........................................অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কসবা,ব্রাহ্মণবাড়িয়া। তাকে নির্ধারিত সময়ে অনলাইনে আবেদন করার বিষয়ে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারণার জন্য অনুরোধ করা হল।
০৭। সভাপতি/সাধারণ সম্পাদক.........................প্রেস ক্লাব (সকল), কসবা,ব্রাহ্মণবাড়িয়া।
০৮। জনাব/জনাবা............................
০৯। ওয়েব পোর্টাল/নোটিশ বোর্ড/অফিস কপি।